লেখাপড়া নিয়ে বকা দেয়ায় ১৫ তলা থেকে লাফ ইঞ্জিনিয়ারিং ছাত্রীর

পড়াশোনা নিয়ে বাবা বকা দেয়ায় ১৫ তলা থেকে লাফ দিয়ে আত্মহত্যা করেছেন ইঞ্জিনিয়ারিংয়ের এক ছাত্রী।

শনিবার ভারতের মুম্বাইয়ের ভান্ডুপ ওয়েস্টে এ ঘটনা ঘটেছে।

আত্মঘাতী ওই ছাত্রীর নাম কুসুম রমেশ পুরোহিত (১৯)।

আনন্দবাজার জানিয়েছে, শনিবার ‘ড্রিমস’ আবাসনের ১৫ তলা থেকে লাফ দিয়ে আত্মহত্যা করেন ওই তরুণী। ঘটনার সঙ্গে সঙ্গে রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

কিন্তু হাসপাতালের চিকিৎসক ওই তরুণীকে মৃত বলে ঘোষণা করেন।

আবাসনের নিরাপত্তারক্ষী প্রথম ওই তরুণীকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন বলে জানিয়েছে পুলিশ।

ইতিমধ্যেই তার লাশ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। তবে কী কারণে তিনি আত্মঘাতী হলেন তা খতিয়ে দেখছে পুলিশ।

তবে প্রাথমিক তদন্তে জানা গেছে, প্রথম বর্ষের ইঞ্জিনিয়ারিং ছাত্রী ছিলেন ওই তরুণী। শুক্রবার পড়াশোনা নিয়ে বাবার সঙ্গে কথা কাটাকাটি হয় তার। তার পরই লাফ দিয়ে আত্মহত্যা করেন তিনি।

এ ঘটনায় পুলিশ বাদী হয়ে ইতিমধ্যেই একটি মামলা দায়ের করেছে।